

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা- ১০০০

প্রেস রিলিজ

গ্রাহক স্বার্থে মোবাইল নম্বর পোর্টেবিলিটি সেবা চালু করলো বিটিআরসি

ঢাকা ০৭ নভেম্বর ২০১৭,

দেশে প্রথমবারের মত চালু করা হল বহুল প্রতীক্ষিত মোবাইল ফোন নম্বর অপরিবর্তিত রেখে অপারেটর পরিবর্তন করার সুবিধা তথা মোবাইল নম্বর পোর্টেবিলিটি (এমএনপি) ব্যবস্থা। বিটিআরসির প্রধান সম্মেলন কক্ষে এক অনাড়ম্বর অনুষ্ঠানে বাংলাদেশ ও স্লোভেনিয়ার যৌথ কনসোর্টিয়াম ইনফোজিলিয়ান বিডি টেলিটেক (Infozillion BD-Teletech Consortium) কে দেশে মোবাইল অপারেটরদের মাধ্যমে এ সেবা প্রদানের জন্য নোটিফিকেশন পত্র প্রদান হয়। বিটিআরসির চেয়ারম্যান ড. শাহজাহান মাহমুদ অনুষ্ঠানে উপস্থিত থেকে এ সেবার বিষয়ে আগত সাংবাদিকদের অবগত করেন। অনুষ্ঠানে কমিশনের বিভিন্ন বিভাগের কমিশনার, মহাপরিচালক এবং লাইসেন্সের জন্য নোটিফিকেশন প্রাপ্ত প্রতিষ্ঠান ইনফোজিলিয়ান বিডি টেলিটেক এর উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরবর্তীতে ইনফোজিলিয়ান এর কর্মকর্তাগণ একটি প্রেজেন্টেশনের মাধ্যমে এমএনপি'র কারিগরি বিভিন্ন বিষয় উপস্থাপন করেন।


ইনফোজিলিয়ান ছাড়াও এমএনপি সেবা প্রদানের জন্য আরও চারটি কনসোর্টিয়াম সরকারি ক্রয় প্রক্রিয়ায় অংশগ্রহণ করে। যৌথ এ প্রতিষ্ঠানগুলো হচ্ছে বাংলাদেশ ও লিথুনিয়ার যৌথ কোম্পানি গ্রীন টেক মিডিয়াফোন লিঃ, ব্রাজিল বাংলাদেশ কনসোর্টিয়াম, বাংলাদেশ ও পোল্যান্ডের যৌথ কোম্পানি রিভ নম্বর লিঃ এবং বাংলাদেশ ও মিশরের যৌথ কোম্পানি রয়েল গ্রীন লিঃ। এমএনপি লাইসেন্স প্রদান সংক্রান্ত টেন্ডার কার্যক্রমে অংশগ্রহণকারী কোম্পানিগুলোর মধ্যে ইনফোজিলিয়ান সর্বোচ্চ নম্বর পেয়ে এ সেবা প্রদানের যোগ্যতা অর্জন করে। গত ১৫ অক্টোবর ২০১৭ ইং তারিখে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুমোদনের প্রেক্ষিতে বিটিআরসি কর্তৃক লাইসেন্স প্রদানের পরবর্তী কার্যক্রম গৃহীত হয়। পরবর্তীতে কমিশনের ২০৮তম সভায় সরকার পূর্বানুমোদন জ্ঞাপন করায় এমএনপি গাইডলাইনের সকল শর্ত পালন সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

গত ০১ নভেম্বর ২০১৭ তারিখে ইনফোজিলিয়ান বিডি টেলিটেককে লাইসেন্স প্রাপ্তি সংক্রান্ত একটি নোটিফিকেশন পত্র ইস্যু করা হয়েছে। লাইসেন্স প্রাপ্তির পরবর্তী ৬ মাসের মধ্যে প্রতিষ্ঠানটিকে দেশের মোবাইল গ্রাহকের কমপক্ষে ১ শতাংশ, ১ বছরের মধ্যে ৫ শতাংশ এবং ৫ বছরের মধ্যে ১০ শতাংশ-কে এ সেবার আওতায় নিয়ে আসতে হবে। একজন সেবা গ্রহীতা ৩০ টাকার বিনিময়ে প্রতিবারের জন্য অপারেটর বদল (porting) করতে পারবে।

লাইসেন্স প্রাপ্তির জন্য নোটিফিকেশন প্রাপ্ত ইনফোজিলিয়ান বিডি টেলিটেককে এমএনপি গাইডলাইনের শর্তানুযায়ী লাইসেন্স অ্যাকুইজিশন ফি ১০ কোটি টাকা, বাৎসরিক লাইসেন্স ফি ২৫ লক্ষ টাকা, রেভিনিউ শেয়ারিং (২য় বছর থেকে) ১৫ শতাংশ হারে, ব্যাংক গ্যারান্টি ১০ কোটি টাকা এবং সামাজিক দায়বদ্ধতা তহবিলে ২য় বছর থেকে বাৎসরিক নিরীক্ষাকৃত আয়ের ১ শতাংশ বিটিআরসিকে প্রদান করতে হবে।

এমএনপি চালু হলে এক অপারেটরের নম্বরে অন্য অপারেটরের সংযোগ নেওয়া যাবে। গ্রাহক যে অপারেটরের সেবা পছন্দ করবে, বিনা দ্বিধায় সেই অপারেটরের সংযোগ নিতে পারবে। এ জন্য নিজের ফোন নম্বরটিও পাল্টাতে হবে না। এ সেবা প্রবর্তনের ফলে মোবাইল অপারেটরদের মধ্যে গুণগত সেবা প্রদানের প্রতিযোগিতা এবং মোবাইল গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

বর্তমানে বিশ্বের ৭২ টি দেশে এ সুবিধা চালু রয়েছে। প্রতিবেশী দেশ ভারতে ২০১১ সালে এবং পাকিস্তানে উক্ত সেবা ২০০৭ সাল থেকে চালু রয়েছে।

  
০৭/১১/১৭

মোঃ জাকির হোসেন খান

সিনিয়র সহকারী পরিচালক

মিডিয়া উইং, বিটিআরসি

ফোনঃ ০১৫৫২২০২৮৪০

Email: zakirkhan@btrc.gov.bd